

তারিখঃ ০৮-০৪-২০১০

## সংবাদ বিজ্ঞপ্তি

### সিটিসেল ঢাকা মহানগরী স্কুল মহিলা ফুটবল চ্যাম্পিয়নশীপ ২০১০ খেলার ফলাফল

#### ভেন্যুঃ বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামঃ

ভিকারুননেসা নুন স্কুল এন্ড কলেজ - ১ বনাম আগারগাঁও আদর্শ উচ্চ বিদ্যালয় - ০  
নিম্নে ২৭ মিঃ

সিটিসেল ঢাকা মহানগরী স্কুল মহিলা ফুটবল চ্যাম্পিয়নশীপ ২০১০ এ ভিকারুননেসা নুন স্কুল এন্ড কলেজ চ্যাম্পিয়ন এবং আগারগাঁও আদর্শ উচ্চ বিদ্যালয় রানার-আপ হওয়ার গৌরব অর্জন করে। চ্যাম্পিয়ন দলকে ২০,০০০/= টাকা এবং রানার-আপ দলকে ১০,০০০/= টাকা করে প্রাইজমানি প্রদান করা হয়।

প্রতিযোগিতার সেবা খেলোয়াড় হিসেবে পুরস্কার গ্রহণ করে আগারগাঁও আদর্শ উচ্চ বিদ্যালয়ের তাজ নাহার, সর্বোচ্চ গোলদাতার পুরস্কার গ্রহণ করে স্যার জন উইলসন স্কুলের মাইশা। উভয়কেই ৫,০০০/= টাকা করে প্রাইজমানি প্রদান করা হয়।

অধ্যকার ফাইনাল খেলায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় নৌ পরিবহন মন্ত্রী জনাব শাজাহান খান, এমপি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিটিসেলের চীফ অপারেটিং অফিসার মিঃ ডেভিড লি। এছাড়াও বাফুফের সহ-সভাপতি জনাব মনজুর হোসেন মালু, মহিলা ফুটবল কমিটির চেয়ারম্যান ও বাফুফে সদস্য জনাব সিরাজুল ইসলাম বাচ্চু, এএফসির কার্যনির্বাহী কমিটির সদস্য, বাফুফে মহিলা ফুটবল কমিটির ডেপুটি চেয়ারম্যান ও টুর্নামেন্ট কমিটির আহ্বায়ক মাহফুজা আক্তার কিরন এবং সাধারণ সম্পাদক জনাব আল মুসাব্বির সাদী ফাইনাল খেলায় উপস্থিত ছিলেন।

#### আশিকুর রহমান

সহকারী ম্যানেজার-কমিউনিকেশনস।